মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২৫/০৪/২০২২ ইং তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৩/০৩/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
PRAP বাস্তবায়নে বস্তি উন্নয়ন কার্যক্রমের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভায় দারিদ্র নিরসন কর্মপরিকল্পনা PRAP বাস্তবায়নে অত্র পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় অনুমোদিত ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের ১ম ও ২য় কিস্তির কাজ সম্পন্ন হয়েছে। ৩য় কিস্তির কাজ চলমান আছে। ১ম ও ২য় পর্যায়ের কাজের মধ্যে ৬টি বস্তিতে ১৪ টি ষ্টিট লাইট, বরাদ্দকৃত ফুটপাথ, বরাদ্দকৃত ড্রেন, ৪৪টি টিউবওয়েল ও ২টি ডাষ্টবিন ইতি মধ্যে নির্মিত হয়েছে। ৮১ টি পায়খানার কনসট্রাকশন কাজ শেষ হয়েছে।বাকি পায়খানার কাজও দ্রুতগতিতে সম্পন্ন হচ্ছে। আগামী ১ মাসের মধ্যে বাকি ৫০টি পায়খানার কাজ শেষ হবে বলে আশা করা যায়। ইতি মধ্যে প্রতিটি পায়খানার রিং/স্লাব বসানো সম্পন্ন হয়েছে। টাইলস ও বিদ্যুতের কাজও কিছু দিনের মধ্যেই শুরু হবে।	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	মেয়র মহোদয় সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ এসআইসির মাধ্যমে হচ্ছে। এই কাজ যাতে দ্রুত সময়ের মধ্যে শেষ হয় সেই দিকে নজর দেওয়ার জন্য তিনি সংশ্লিষ্ঠ সকলকে নির্দেশনা দেন। তিনি সভায় বলেন, আগামী ২ মাসের মধ্যে কাজগুলি শেষ করে ফাইনাল বিল উপস্থাপন করা যায় সেদিকে নজর দেওয়ার জন্য সংশ্লিষ্ঠ সকলকে নির্দেশনা দেন। তিনি এই ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।	
বিবিধ	জনাব মোহাঃ মজিবর রহমান, নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা, সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট বলেন, বস্তি উন্নয়নের কাজটি খুবই স্পর্শকাতর একটি কাজ। যেহেতু কোন ঠিকাদার ছাড়া শুধুমাত্র এসআইসির মাধ্যমে এই কাজটি হচ্ছে তাই মেয়র মহোদয় সহ সংশ্লিষ্ঠ সকলকেই এব্যাপারে সজাগ থাকতে হবে। বিশেষ করে প্রকৌশলীগণকে যথাযথ ভাবে কাজটি করা জন্য সার্বক্ষনিক তদারকি করতে হবে। কারণ এসআইসির সদস্যগণ কোন টেকনিক্যাল লোক নন। তাই তাদের সার্বক্ষনিক পরামর্শ প্রদান সহ কাজ তদারকি করা খুবই জরুরী। তিনি সংশ্লিষ্ট সদস্য সচিবদের বলেন, অর্থ ব্যয়ের ক্ষেত্রে সজাগ থাকতে হবে। কোন রকম অর্থের অপচয় করা যাবে না। সেই সাথে মালামাল যথাযথ ব্যবহার হচ্ছে কিনা সেদিকেও খেয়াল রাখতে হবে। মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলী মহোদয়ের সাথে একমত পোষন করে সভায় জানান, কাজটি সঠিকভাবে বাস্তবায়নে মেহেরপুর পৌরসভার প্রকৌশলীগণকে সার্বক্ষনিক প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি। এ ছাড়া মালামাল রক্ষণাবেক্ষনের জন্য বস্তির উপকারভোগিদের দেখাশোনার দায়িত্ব দিতে হবে। যে কোন ধরণের সমস্যার জন্য সকলকে তার সাথে পরামর্শ করার নির্দেশ দেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিঃ স্থায়ী কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৫/০৪/২০২২ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[illegible]
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	[illegible]
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[illegible]
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[illegible]
৫	জনাব মোহাঃ মজিবর রহমান	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	[illegible]
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনে আরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	[illegible]
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	[illegible]
৯	মোঃ [illegible]	CDA (UGIIP-3)	[illegible]
১০			